# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 20-02-2026 Time: 1.40 PM**

১) মুর্শিদাবাদের বেলডাঙায় অশান্তির ঘটনায়, পুলিশ কেস ডায়রি এন আই এ-কে হস্তান্তর না করার বিষয়ে কলকাতা হাইকোর্টে অভিযোগ দায়ের হয়েছে।

২) পশ্চিমবঙ্গে SIR-এর বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে দায়ের করা মামলায় সুপ্রিমকোর্টে আজ ফের শুনানি হবে।

৩) ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে প্যাক্স সিলিকা ঘোষণাপত্র আজ স্বাক্ষরিত হয়েছে।

৪) শিক্ষা দপ্তর রাজ্যের আটটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের নিয়োগপত্র দিয়েছে ।

৫) উত্তুরের বাতাসের প্রভাব কমতে থাকায় রাজ্যের তাপমাত্রা ঊর্দ্ধমুখী।

oooooooooooooooooooooooooo

মুর্শিদাবাদের বেলডাঙায় অশান্তির ঘটনায় এন আই এ-কে পুলিশ কেস ডায়রি হস্তান্তর করছে না বলে কলকাতা হাইোকোর্টে অভিযোগ দায়ের হয়েছে। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি চৈতালি চ্যাটার্জীর ডিভিশন বেঞ্চে এন আই এ-র আইনজীবী এই অভিযোগ জানালে বেঞ্চ বলেছে, আগামী মঙ্গলবার পরবর্তী শুনানি হবে। তবে, যেহেতু এর আগে প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চে বেলডাঙা মামলার শুনানি হয়েছিল। তাই, ওই বেঞ্চেই মামলা পাঠানো হলো। এর আগে হাইকোর্ট জানিয়েছিল, কেন্দ্রীয় সরকার যদি

চায়, তবে এন আই এ-কে দিয়ে তদন্ত করাতে পারে। তার প্রেক্ষিতেই বেলডাঙা ঘটনায় তদন্ত করছে এন আই এ।

কিন্তু সুপ্রিম কোর্টের নির্দেশের পরও রাজ্য পুলিশ ঘটনার কেস ডায়রি এন আই এ-কে হস্তান্তর করেনি। গতকালই কলকাতার বিশেষ এন আই এ আদালত বেলডাঙার ঘটনায় গ্রফতার হওয়া ৩১ জনকে আগামী ২৬ তারিখ স্বশরীরে হাজিরার নির্দেশ দিয়েছে। পাশাপাশি পুলিশকে কেস ডায়রি হস্তান্তরেরও নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

মুর্শিদাবাদের বেলডাঙায় পরিযায়ী শ্রমিকের মৃত্যুর প্রতিবাদ-আন্দোলনে হিংসা ও অগ্নিকাণ্ডের ঘটনায় এনআইএ তদন্ত বন্ধ এবং ধৃতদের জামিনের দাবিতে মিছিলের ডাক দিয়েছেন জনতা উন্নয়ন পার্টির প্রধান হুমায়ুন কবির। তিনি জানিয়েছেন, আগামী ২২শে ফেব্রুয়ারি বিকেল সাড়ে তিনটের সময় বেলডাঙায় লক্ষাধিক মানুষ এই মিছিলে অংশগ্রহন করবেন।

হুমায়ুন কবির-এর অভিযোগ গত বছর এপ্রিল মাসে মুর্শিদাবাদের শামসেরগঞ্জে ব্যাপক হিংসার ঘটনায় এনআইএ তদন্ত না হলেও বেলডাঙার ঘটনায় এনআইএ তদন্তের জন্য তৎপরতা উদ্দেশ্যপ্রনোদিতভাবে প্রতিহিংসার কারণেই করা হচ্ছে ।

ooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে SIR-এর বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে দায়ের করা মামলা সুপ্রিমকোর্টে আজ ফের শুনানি হবে। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চে এই মামলার শুনানি হতে চলেছে। এর আগে শীর্ষ আদালত গত ৯-ই ফেব্রুয়ারী SIR- চলাকালীন সংগঠিত হিংসার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা না নেওয়ায় রাজ্য পুলিশের মহা নির্দেশককে শোকজ করার পাশাপাশি ব্যক্তিগত হলফনামা তলব করে। একই সঙ্গে মাইক্রো অবজারভার হিসাবে ৮ হাজারের বেশি রাজ্যের গ্রুপ-বি আধিকারিককে নিযুক্ত করতে নির্দেশ দেওয়া হয়েছিল।

সুপ্রিম কোর্ট জানিয়েছিল রাজ্যে এস আই আর প্রক্রিয়া কোনভাবেই ব্যাহত করা যাবে না।

oooooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে তৎপরতা তুঙ্গে। গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সব জেলা নির্বাচন

আধিকারিক, সংশ্লিষ্ট নির্বাচনী আধিকারিক ও দপ্তরের শীর্ষ কর্তাদের সঙ্গে প্রায় চার ঘণ্টা ধরে দফায় দফায় বৈঠক করেন। এর মূল আলোচ্য বিষয় ছিল ভোট প্রস্তুতি। বুথ স্তর থেকে ভোটগ্রহণের দিন পর্যন্ত প্রতিটি পর্যায়ে প্রস্তুতি কি রকম তা খতিয়ে দেখা হয়। ইভিএম ও ভিভিপ্যাটের নিরাপত্তা, সংরক্ষণ ব্যবস্থা, আইনশৃঙ্খলা পরিস্থিতি, সংবেদনশীল বুথ চিহ্নিতকরণ—প্রতিটি বিষয়েই জেলা ভিত্তিক অগ্রগতির বিস্তারিত খতিয়ান চাওয়া হয়েছে।

বিশেষ করে জেলা শাসকেরা এখনও পর্যন্ত কী ধরনের প্রস্তুতি নিয়েছেন, কোথায় কী ঘাটতি রয়েছে এবং তা পূরণে কী পদক্ষেপ নেওয়া হচ্ছে, সে বিষয়ে স্পষ্ট ও লিখিত রিপোর্ট আগামীকালের মধ্যে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। নির্বাচনী প্রস্তুতিতে কোনও রকম শৈথিল্য বরদাস্ত করা হবে না বলে কমিশনের তরফে স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

জাতীয় স্তোত্রো বন্দেমাতরমকে সরকারী অনুষ্ঠানে বাধ্যতামূলক করার বিষয়ে কেন্দ্রীয় সরকারের বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে, কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।

প্রধান বিচারপতি সুজয় পালের ডিভিশন বেঞ্চে এই মামলার আগামী সপ্তাহে শুনানি হতে পারে। সম্প্রতি কেন্দ্রীয় সরকার বন্দেমাতরমের চারটি স্তবক আগের দুটির সঙ্গে যুক্ত করে মোট ৬-টি স্তবককে বাধ্যতামূলক করে। মামলাকারীর আইনজীবী উপাংশু শূর জানিয়েছেন বন্দেমাতরম রচনার সময়ে ৬-টি স্তবক ছিল, পরবর্তীকালে দেশের সার্বভৌমত্ব, সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার স্বার্থেই চারটি স্তবক বাদ দেওয়া হয়। তারপর থেকেই সেই প্রথাই চলে আসছিল। **১৯৫০** সালে প্রথম দুটি স্তবককেই সরকারীভাবে বাস্তবায়ন করা হয়েছিল।

নতুন সিদ্ধান্তে  অপ্রীতিকর পরিস্থিতি তৈরি হবে কিনা, তা নিয়ে প্রশ্ন তুলেই দায়ের হয়েছে মামলা।

oooooooooooooooooooo

ভারত ও আমেরিকার মধ্যে প্যাক্স সিলিকা ঘোষণাপত্র আজ স্বাক্ষরিত হয়েছে। এই প্রসঙ্গে কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, সেমি কন্ডাক্টর যোগান শৃঙ্খল, সেমি কন্ডাক্টর উৎপাদন ও চিপ ডিজাইনের ক্ষেত্রে এই চুক্তি বিশেষ গুরুত্বপূর্ণ।

দেশে যে এআই সামিট হচ্ছে তা বিশ্বের কাছে ভারতের দ্বার উন্মোচন করেছে। প্রধানমন্ত্রীর এই উদ্যোগ দেশের তথ্য প্রযুক্তি ক্ষেত্র কে আরো এগিয়ে দেবে এবং ভবিষ্যতে বিশ্বকে ভারত এই বিষয়ে পৌরহিত্য করবে বলে মনে করেন কৃত্রিম মেধা বিশেষজ্ঞ এবং সাংবাদিক জয়দীপ দাশগুপ্ত।

(বাইট -জয়দীপ দাশগুপ্ত)

oooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

oooooooooooooooooooooooo

শিক্ষা দপ্তর রাজ্যের আটটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের নিয়োগপত্র দিয়েছে । রাজ্যপাল তথা বিশ্ববিদ্যালয়ের আচার্য সিভি আনন্দ বোস, উপাচার্যদের নাম ঘোষণার পর প্রায় এক মাস কেটে গেলেও কাজে যোগ দিতে পারেননি নবনিযুক্ত উপাচার্যরা। অবশেষে তাঁদের নিয়োগপত্র দেওয়া হয়েছে।

উল্লেখ্য, সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অয়ন ভট্টাচার্য, হরিচাঁদ গুরুচাঁদ বিশ্ববিদ্যালয়ে নিমাই চন্দ্র সাহা, রায়গঞ্জ বিশ্ববিদ্যালয় অর্ণব সেন, বাবা সাহেব আম্বেদকর এডুকেশন ইউনিভার্সিটিতে অরুণাশিস গোস্বামী, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে দেবব্রত বসু, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ে দেবব্রত মিত্র, কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে সঞ্চারী রায় মুখোপাধ্যায় এবং

ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ে মিতা বন্দ্যোপাধ্যায়কে উপাচার্য হিসেবে নিয়োগ করেছেন রাজ্যপাল।

তবে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় এবং মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজিতে উপাচার্য বাছাই করবে সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি উদয় উমেশ ললিতদের নেতৃত্বাধীন সার্চ কমিটি।

০০০০০০০০০০০০০০০০০০০০

সরকারি হাসপাতালে রোগী ফিরিয়ে দিয়ে, একই চিকিৎসকদের বেসরকারি নার্সিংহোমে স্বাস্থ্যসাথী কার্ডে অস্ত্রোপচার করার অভিযোগ সামনে আসায়, রাজ্যের স্বাস্থ্য দপ্তর কঠোর পদক্ষেপ নিয়েছে। হার্নিয়া, হাইড্রোসিল, ফিশারেকটমি এবং আর্থ্রোস্কোপিক সার্জারির ক্ষেত্রে এই ধরণের প্রবণতা বেশি দেখা যাচ্ছে। এর প্রেক্ষিতেই নতুন কয়েকটি শর্ত আরোপ করা হয়েছে। একটি নির্দেশিকা জারি করে স্বাস্থ্য দপ্তর জানিয়েছে,ওই চার ধরনের অস্ত্রোপচার স্বাস্থ্যসাথী প্রকল্পের আওতায় বেসরকারি হাসপাতালে করাতে হলে বেসরকারি সার্জনের মাধ্যমেই করতে হবে। সরকারি হাসপাতালের চিকিৎসকরা তাদের দায়িত্ব এড়িয়ে বেসরকারি প্রতিষ্ঠানে গিয়ে এই অপারেশন করতে পারবেন না। একই সঙ্গে জানানো হয়েছে, সরকারি হাসপাতালগুলিতে সার্জনরা আগের মতোই এই সব অস্ত্রোপচার চালিয়ে যাবেন। সরকারি পরিষেবা কমানো বা বন্ধ করার কোনও প্রশ্ন নেই। বরং রোগীর চাপ সামাল ও পরিষেবা দ্রুত পৌঁছে দিতে বেসরকারি ক্ষেত্রেও সুযোগ বাড়ানো হচ্ছে।

স্বাস্থ্য দপ্তরের তরফে স্পষ্ট জানানো হয়েছে, স্বাস্থ্যসাথী একটি প্যাকেজভিত্তিক পরিষেবা। বিভিন্ন রোগ ও অস্ত্রোপচারের জন্য নির্দিষ্ট মূল্য রয়েছে, যা নির্ধারণ করেন মেডিক্যাল কলেজের বিশেষজ্ঞ চিকিৎসকেরা। সেই নির্ধারিত কাঠামোর মধ্যেই পরিষেবা দিতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার হাঁসখালি থানার পুলিশ এক বাংলাদেশী মহিলাকে গ্রেফতার করেছে। একই সঙ্গে গ্রেফতার করা হয়েছে ভারতীয় এক দালালকে। জানা গেছে, দু-দিন আগেই দালাল প্রকাশ টিকাদারের সাহায্য নিয়ে জামি খাতুন নামে বছর ২৩-এর ওই মহিলা অবৈধভাবে আন্তর্জাতিক সীমান্ত পেরিয়ে এদেশে প্রবেশ করেন। হাঁসখালি থানা এলাকায় তারা বসবাস করছিল। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে ওই দু-জনকে গ্রেফতার করা হয়। আজ তাদের রানাঘাট আদালতে পেশ করা হচ্ছে।

oooooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের কুলটিতে আজ মা ও ছেলের দগ্ধ দেহ উদ্ধারে চাঞ্চল্য ছড়িয়েছে। বাড়ির মালিক দয়াময় মুখোপাধ্যায় জানিয়েছেন, ছেলে রাজা প্রায়ই বাড়িতে অশান্তি করতো। দু-দিন আগে মারধোর করায় তিনি মেয়ের বাড়ি চলে যান। ছেলে নিজেই মা-কে গুলি করে হত্যার পর আগুন লাগিয়ে আত্মঘাতী হয়েছে বলে দয়াময়বাবু দাবি করেন। বে-সরকারী নিরাপত্তারক্ষীর কাজ করায় তার কাছে বন্দুক থাকতো বলে জানা গেছে। আজ ভোরে বাড়ি থেকে ধোঁয়া বের হতে দেখে স্থানীয় বাসিন্দারা পুলিশে খবর দেয়। পুলিশ ও দমকল এসে দেহগুলি উদ্ধার করে।

oooooooooooooooooooo

উত্তুরে বাতাসের প্রভাব কমতে শুরু করায় রাজ্যে তাপমাত্রা ঊর্ধ্বমুখী।  তবে আগামী মঙ্গল ও বুধবার নাগাদ উত্তরবঙ্গের কয়েকটি জেলা এবং দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

( বাইট- হবিবুর রহমান )

এদিকে, এই বৃষ্টির ফলে আলু চাষে ক্ষতি হতে পারে। ক্ষেতের আলু তুলে  নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooo

oooooooooooooooooooo